

## কর্মী নিয়োগ আইসিডিএসে

■ কৃষ্ণনগর: দীর্ঘ প্রায় আট মাস পরে ফের আইসিডিএস কেন্দ্রের কর্মী ও সহায়িকা নিয়োগ হতে চলেছে। জেলা প্রশাসন সূত্রে জানা গিয়েছে, জেলায় ৬০০ আইসিডিএস কর্মী এবং ১৩০০ সহায়িকা নিয়োগ করা হবে।  
সোমবার জেলাশাসকের অফিসে আইসিডিএসের জেলা স্তরের মনিটরিং অ্যান্ড রিভিউ কমিটির বৈঠক হয়েছে। সেখানেই আইসিডিএসের কর্মী ও সহায়িকা নিয়োগের বিষয়ে আলোচনা হয়েছে। পাশাপাশি আইসিডিএস কেন্দ্রগুলি যাতে আরও ভাল ভাবে চলে সে বিষয়েও প্রশাসনের কর্তাদের নজর দিতে বলা হয়েছে।

## স্বাহায্য করতে

■ করিমপুর: হোগলবেড়িয়া থানার কুমারি খুবগোষ্ঠীর পরিচালনায় ও কেন্দ্রীয়

একটা তালিকা তৈরি করা হয়েছিল। সেই অনুযায়ী এ দিন প্রতিবন্ধীদের ১১১ জনকে ট্রাইনাইকেল, ৪২ জনকে হইলচেয়ার, ২৭৪ জনকে শ্রবণযন্ত্র ছাড়াও ১২ জন দৃষ্টিহীনকে লাঠি ও ৪০ জনকে কন্ডল দেওয়া হল।

## সচেতনতা

■ কৃষ্ণনগর: নারী পাচার বিরোধী সচেতনতা শিবিরের আয়োজন করল চাপড়া থানার পুলিশ। সোমবার হাতিশালা-২ গ্রাম পঞ্চায়েত ভবনের ভিতরে ওই গ্রাম পঞ্চায়েত এলাকার ভিতরে সমস্ত স্কুলের প্রধান শিক্ষক, আশা ও অঙ্গনওয়াড়ি কর্মী, পঞ্চায়েত প্রধান, উপপ্রধান ও সদস্যদের নিয়ে এই শিবিরের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন স্থানীয় বিধায়ক রুকবানুর রহমান ও চাপড়া থানার ওসি রাজা সরকার।

## নাট্যোৎসব

■ কল্যাণী: রবিবার শেষ

৫২৪-৯

আবদুল হকের চরিত্র ২৭ মে ১৯৬৫: ২০২৫



## নজর বন্দী পথের পাঁচালীর ৬০ বছরের প্রদর্শনী চলছে

নদীয়ার বইমেলায় এবার দর্শকদের উপরি পাওনা পথের পাঁচালীর ৬০ বছরের প্রদর্শনী। বইমেলা চত্বরেই কৃষ্ণনগর পাবলিক লাইব্রেরির পাঠকক্ষে রাজ্য সরকারের তথা ও সংস্কৃতি বিভাগ এবং বইমেলা কমিটির যৌথ উদ্যোগে এই প্রদর্শনী করা হয়েছে। বইমেলায় যারা আসছেন তাদের অনেকেই এই প্রদর্শনীর কথা টের পাচ্ছেন না। কিন্তু যারা জানতে পারছেন তাঁরা দুঃপ্রাপ্য ছবি-সংবলিত এই প্রদর্শনী দেখতে ভুলাচ্ছেন না। কৃষ্ণনগর পাবলিক লাইব্রেরির মাঠে হচ্ছে ৩২তম নদীয়া বইমেলা। আর এই লাইব্রেরির পাঠকক্ষে চলছে সত্যজিৎ রায়ের সেই বিখ্যাত চলচ্চিত্র পথের পাঁচালীর ৬০ বছর উপলক্ষে প্রদর্শনী।

৩

৩০/০৫/২০২৩ ২৭ মে ২০২৩

